...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা

## বাংলা নববর্ষ-১৪৩০ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো: মজিবর রহমান<br>জেলা প্রশাসক, সিলেট |
| সভার তারিখ | ০৩ এপ্রিল ২০২৩ |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, সিলেট |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি জানান যে, পহেলা বৈশাখ বাংলা নববর্ষ উদযাপন বাঙালি সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ। আবহমান কাল ধরে বাঙালি অধ্যুষিত জনপদে সার্বজনীন ও অসাম্প্রদায়িক এ উৎসবটি উদযাপিত হয়ে আসছে। ধর্ম-বর্ণ নির্বিশেষে বাংলা নববর্ষের এ প্রথম দিনটি বাঙালি জাতির এক মহা মিলনমেলায় রুপান্তরিত হয়। অন্যান্য বছরের ন্যায় এ বছরে জেলা পর্যায়ে বাংলা নববর্ষ-১৪৩০ উদযাপনের জন্য তিনি সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। বাংলা নববর্ষ ১৪৩০ উদযাপনে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ কর্মসূচি/সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>কর্মসূচি</u>:

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | আয়োজনে/বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ৩০ চৈত্র ১৪২৯<br>১৩ এপ্রিল, ২০২৩<br>সন্ধ্যা ৬.৪৫ টা হতে ৭.৪৫ টা | বর্ষ বিদায় ও নববর্ষকে স্বাগত জানিয়ে আনন্দ উৎসব | চাদনী ঘাটস্থ সুরমা নদীর পাড় | সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট |
| ০২ | ১লা বৈশাখ ১৪৩০<br>১৪ এপ্রিল ২০২৩<br>সকাল ০৯.৩০ টা | বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা | জেলা প্রশাসকের কার্যালয় হতে কেন্দ্রীয় শহীদ মিনার হয়ে কবি নজরুল অডিটরিয়ামের মুক্তমঞ্চ পর্যন্ত | সংশ্লিষ্ট উপকমিটি |
| ০৩ | ১লা বৈশাখ ১৪৩০<br>১৪ এপ্রিল ২০২৩<br>সকাল ১০.০০ টা | মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান (জাতীয় সংগীত ও এসো হে বৈশাখ গান পরিবেশনের মাধ্যমে শুরু হবে) | কবি নজরুল অডিটরিয়ামের মুক্তমঞ্চ | জেলা প্রশাসন, সিলেট ও জেলা শিল্পকলা একাডেমি, সিলেট |
| ০৪ | ১লা বৈশাখ ১৪৩০<br>১৪ এপ্রিল ২০২৩<br>ইফতারের সময়ে | সিলেট কেন্দ্রীয় কারাগার, সকল হাসপাতাল ও শিশু পরিবারে ঐতিহ্যবাহী বাঙালি খাবার/ইফতারের আয়োজন | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃপক্ষ |
| ০৫ | ১লা বৈশাখ ১৪৩০<br>১৪ এপ্রিল ২০২৩<br>সুবিধাজনক সময়ে | কারাবন্দীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান/কারাবন্দীদের তৈরী বিভিন্ন দ্রব্যাদি প্রদর্শন | সিলেট কেন্দ্রীয় কারাগার/ প্রবেশ পথ, কেন্দ্রীয় কারাগার, সিলেট | সিলেট কেন্দ্রীয় কারাগার কর্তৃপক্ষ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | ১লা বৈশাখ ১৪৩০<br>১৪ এপ্রিল ২০২৩<br>সুবিধাজনক সময়ে | জাদুঘর ও সকল পার্ক সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখা | ওসমানী জাদুঘর/ হাসন রাজা জাদুঘর/ শেখ হাসিনা শিশু পার্ক/ ড্রীমল্যান্ড/ ওসমানী শিশু পার্ক/ এডভেঞ্চার ওয়ার্ল্ড | ওসমানী জাদুঘর/ হাসন রাজা জাদুঘর/ শেখ হাসিনা শিশু পার্ক/ ড্রীমল্যান্ড/ ওসমানী শিশু পার্ক/ এডভেঞ্চার ওয়ার্ল্ড কর্তৃপক্ষ |
| ০৭ | ১লা বৈশাখ ১৪৩০<br>১৪ এপ্রিল ২০২৩<br>সুবিধাজনক সময়ে | ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন, রচনা ও কুইজ প্রতিযোগিতা | বিভাগীয় গণ-গ্রন্থাগার প্রাঙ্গণ | গণ-গ্রন্থাগার কর্তৃপক্ষ |

<u>**সিদ্ধান্তসমূহ**</u>:

১. জেলার সকল সরকারি-বেসরকারি দপ্তর, শিক্ষা প্রতিষ্ঠান এবং সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহকে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২. সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্ব স্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে ও যথাযথ আড়ম্বরে বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষ্যে র‌্যালি, কুইজ প্রতিযোগিতা (বাংলা নববর্ষ ও বঙ্গবন্ধু), সাংস্কৃতিক অনুষ্ঠান ও লোকজ মেলার আয়োজনে জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

৩. জেলা প্রশাসনের অনুষ্ঠান ছাড়াও বিভিন্ন সংগঠন পৃথকভাবে বর্ষবরণ অনুষ্ঠান আয়োজন করে থাকে। আয়োজনকারী সকলকে অনুষ্ঠানসূচি সংশ্লিষ্ট থানাকে অবহিতকরণসহ অনুষ্ঠানের নিরাপত্তা বিধানের জন্য আইন শৃঙ্খলা রক্ষাকারীর পাশাপাশি স্ব স্ব উদ্যোগে স্বেচ্ছাসেবক দল প্রস্তুত রাখতে হবে।

৪. সিলেট জেলা, মহানগর ও উপজেলায় নববর্ষ বরণের সকল অনুষ্ঠানে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করার জন্য পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট এবং পুলিশ সুপার, সিলেটকে অনুরোধ জানানো হয়।

৫. বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আনন্দ শোভাযাত্রাকে সুন্দর, সার্বজনীন ও বর্ণাঢ্য করার নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর একটি লাঠি খেলার টিম এবং উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট হুক্কা, মাথাল, লাঙ্গলসহ ১০ জন সুসজ্জিত কৃষক প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৬. শুভ বাংলা নববর্ষ লিখিত ডালাসহ শিক্ষক-শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করার জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসার, সিলেট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৭. সার্কিট হাউস সহ জেলার গুরুত্বপূর্ণ স্থানে রঙ্গিন আলপনা আঁকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮. অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের লক্ষ্যে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ব্যাপক প্রচারের জন্য উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেটসহ সকল প্রেস ও ইলেক্ট্রনিক প্রিন্ট মিডিয়া এবং অনলাইন মিডিয়াকে অনুরোধ জানানো হয়।

৯. মঙ্গল শোভাযাত্রায় শৃংঙ্খলা বজায় রাখার জন্য স্কাউটস সদস্যের উপস্থিতি নিশ্চিতকরণে সাধারণ সম্পাদক, জেলা ও মহানগর স্কাউট/রোভার স্কাউট, সিলেটকে অনুরোধ করা হয়।

১০. মঙ্গল শোভাযাত্রাকে বর্ণাঢ্য করার লক্ষ্যে সুসজ্জিত বাদক দল প্রেরণের জন্য উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, সিলেট ও সাধারণ সম্পাদক, সম্মিলিত নাট্য পরিষদ, সিলেটকে অনুরোধ জানানো হয়।

১১. বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানমালা ও ঐতিহ্যবাহী বাঙালি খাবার/ইফতার আয়োজনে সরকারী নির্দেশনা অনুসরণ করার জন্য তারকা চিহ্নিত হোটেল কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।

১২. সরকারি নির্দেশনা মোতাবেক উপজেলা পর্যায় ও ইউনিয়ন পর্যায়ে বাংলা নববর্ষ যথাযথভাবে উদযাপনের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সাথে সভা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩. উপজেলা নির্বাহী অফিসার (সিলেট সদর) জেলা প্রশাসন, সিলেট কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

১৪. সিলেটে কর্মরত সকল এনজিও সংস্থাকে মঙ্গল শোভাযাত্রাসহ সকল কর্মসূচিতে যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হয়।

১৫. বিভিন্ন সরকারি/বেসরকারি দপ্তরের পক্ষ থেকে আবহমান বাংলার ঐতিহ্যবাহী সামগ্রী/সাজ পোষাকসহ মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

১৬. রং-বেরং এর কাগজ দিয়ে ফুল ও মুখোশ প্রস্তুত করে মঙ্গল শোভাযাত্রার শ্রীবৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা কালচারাল অফিসার, সিলেট ও জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেটকে অনুরোধ করা হয়।

১৭. শুভ বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষ্যে অনাকাঙ্কিতভাবে পথচারী মহিলা এবং পুরুষের উপর অযাচিত রং ছিটানো, শান্তি শৃঙ্খলা বিনষ্টকারী কার্যক্রম প্রতিরোধে আইন শৃঙ্খলা বাহিনী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বাংলা নববর্ষ অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত নিম্নরূপ উপ-কমিটি গঠন করা হলোঃ

<u>মঙ্গল শোভাযাত্রা উপ-কমিটিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট ---------------------------------- ------আহবায়ক

২. পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট এর প্রতিনিধি ------------------------------------সদস্য

৩. পুলিশ সুপার, সিলেট এর প্রতিনিধি -------------------------------------------------- সদস্য

৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট ------------------------------------------------সদস্য

৫. জেলা শিক্ষা অফিসার, সিলেট------------------------------------------------------- ---সদস্য

৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট -------------------------------------সদস্য

৭. নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট ------------------------------------------------------সদস্য

৮. রেভিনিউ ডেপুটি কালেক্টর, সিলেট -----------------------------------------------------সদস্য

৯. ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, সিলেট ----------------------------------------------------------সদস্য

১০. সিনিয়র সহকারী কমিশনার, সাধারণ শাখা -------------------------------------------সদস্য

১১. সিনিয়র সহকারী কমিশনার, স্থানীয় সরকার শাখা --------------------------------------সদস্য

১২. সহকারী কমিশনার, ট্রেজারি শাখা -----------------------------------------------------সদস্য

১৩. সহকারী কমিশনার, ব্যবসা বাণিজ্য শাখা---------------------------------------------- সদস্য

১৪. সহকারী কমিশনার, আইসিটি শাখা ----------------------------------------------------সদস্য

১৫. সহকারী কমিশনার, রেকর্ডরুম শাখা -------------------------------------------------- সদস্য

১৬. সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা -----------------------------------------------সদস্য

১৭. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সিলেট ---------------------------------------------------সদস্য

১৮. জেলা কালচারাল অফিসার, সিলেট ---------------------------------------------------------সদস্য

১৯. সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা কমান্ড/মহানগর কমান্ড, সিলেট ---সদস্য

২০. সভাপতি, জেলা প্রেসক্লাব/সিলেট প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব/ইমজা, সিলেট --------------সদস্য

২১. সভাপতি, সম্মিলিত নাট্য পরিষদ/ মনিপুরী সাহিত্য সংসদ, সিলেট -------------------------সদস্য

<u>মঞ্চ সজ্জা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপ-কমিটিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট ------------------ -----------------আহবায়ক

২. নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট ---------------------------------------------------------সদস্য

৩. রেভিনিউ ডেপুটি কালেক্টর, সিলেট --------------------------------------------------------সদস্য

৪. সিনিয়র সহকারী কমিশনার, সাধারণ শাখা ------------------------------------------------সদস্য

৫. সিনিয়র সহকারী কমিশনার, স্থানীয় সরকার শাখা -------------------------------------------সদস্য

৬. সহকারী কমিশনার, ব্যবসা বাণিজ্য শাখা ------------------------------------------------সদস্য

৭. সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা -----------------------------------------------সদস্য

৮. সহকারী কমিশনার, আইসিটি শাখা --------------------------------------------------------সদস্য

৯. জেলা কালচারাল অফিসার, সিলেট ---------------------------------------------------------সদস্য

১০. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট -----------------------------------------------------সদস্য

১১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট ---------------------------------------------------সদস্য

পরিশেষে বাংলা নববর্ষ-১৪৩০ যথাযোগ্য ও আড়ম্বরপূর্ণ পরিবেশে উদযাপনের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.২৩.০১৬.১৬.২৭৮

তারিখ: ২১ চৈত্র ১৪২৯
০৪ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
২) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৩) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট
৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, সিলেট সিটি কর্পোরেশন
৫) পুলিশ সুপার, সিলেট
৬) সিভিল সার্জন, সিলেট
৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
৮) উপ পরিচালক (স্থানীয় সরকার) (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৯) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
১০) ..............................................................................................., সিলেট
১১) নির্বাহী প্রকৌশলী ........................................................................... (সকল), সিলেট
১২) পরিচালক/উপপরিচালক/আঞ্চলিক পরিচালক, .................................................................... (সকল), সিলেট
১৩) উপজেলা নির্বাহী অফিসার......................................................................(সকল), সিলেট
১৪) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
১৫) সহকারী পরিচালক............................................................................(সকল),সিলেট
১৬) জেলা ..................................................................... কর্মকর্তা/ অফিসার, সিলেট
১৭) সিনিয়র জেল সুপার, সিলেট
১৮) ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/রেভিনিউ ডেপুটি কালেক্টর/নেজারত ডেপুটি কালেক্টর/সিনিয়র সহকারী কমিশনার, সিলেট
১৯) পরিচালক/ব্যবস্থাপক/প্রতিনিধি, ...................................................................এনজিও সংস্থা, সিলেট
২০) সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা/মহানগর ইউনিট কমান্ড, সিলেট
২১) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেসক্লাব/সিলেট জেলা প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব, সিলেট
২২) সভাপতি/সাধারণ সম্পাদক, সম্মিলিত সাংস্কৃতিক জোট/সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট
২৩) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট জেলা স্কাউটস/রোভার স্কাউটস, সিলেট
২৪) জনাব ইসমাইল গণি হিমন, সিলেট আর্ট এন্ড অটিস্টিক স্কুল, সিলেট
২৫) ................................................................................., সিলেট

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক, সিলেট